যুগান্তর

তারিখ: 20 DEC 2015
পৃষ্ঠা: ৭ ... কলাম: ২

# রাবিতেও দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ বাতিল

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পর এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়েও দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ বাতিল করা হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের ভিসি মুহম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেয়া হয়। পরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এন্তাজুল হক জানান, সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় আগামী ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে দ্বিতীয়বারের মতো ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ থাকবে না। তিনি বলেন, সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের আগামী ভর্তি পরীক্ষায় শুধু ২০১৬ সালে পাস করা শিক্ষার্থীরাই অংশ নিতে পারবেন। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে যারা ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছেন তারা দ্বিতীয়বার অংশ নিতে পারবেন না।

বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও একাডেমিক কাউন্সিলের সদস্য আমজাদ হোসেন বলেন, এর আগে ডিনস কমিটিতে এ বিষয়ে আলোচনা হয়েছিল। অনেকে দ্বিতীয়বার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নিয়ে অন্যের হয়ে পরীক্ষা দেয়। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ সংক্রান্ত সিদ্ধান্ত নিয়ে হাইকোর্টে করা রিট খারিজ হওয়ার বিষয়টিও বিবেচনা করা হয়েছে। সার্বিক বিষয় চিন্তা করে একাডেমিক কাউন্সিলে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেয়ার সুযোগ বাতিল করা হয়। এ নিয়ে আন্দোলন করেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওই সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে রিট করা হলেও তা খারিজ হয়ে যায়।